ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
মাদরাসা পরিদর্শন দফতর
বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।
www.iau.edu.bd iauins13@gmail.com

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-০৮/২০১৫/১৫৯৪৬ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

অফিস আদেশ

দক্ষিন জামিরালতা ফাজিল মাদরাসা, ডাকঘর: ভোলা, উপজেলা: সদর, জেলা: ভোলা-এর ফাজিল স্নাতক (পাস) বিএ স্তরের অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষ মহোদয়ের ২৮-০৭-২০২৫ তারিখের দাখিলকৃত আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত তৃতীয় সংবিধি ২০২৩ অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট পরিদর্শন টিমের দাখিলকৃত প্রতিবেদনের পরিপ্রেক্ষিতে মাদরাসাটির ফাজিল স্নাতক (পাস) বিএ স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭-১০-২০২৫ থেকে ২৬-১০-২০২৯ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন প্রদান করা হলো:

শর্তসমূহ :

১. মাদরাসায় বায়োমেট্রিক হাজিরার ব্যবস্থা করার পাশাপাশি মাদরাসার প্রশাসনিক কার্যক্রমের জন্য কম্পিউটার, প্রিন্টার ও প্রজেক্টর ক্রয়ের ব্যবস্থা করতে হবে এবং বিভিন্ন ফি ও অর্থ গ্রহণের জন্য ভাউচারের ব্যবহার নিশ্চিত করতে হবে;

২. আগামী ০৬ (ছয়) মাসের মধ্যে প্রয়োজনীয় সংখ্যক বই সংগ্রহের পাশাপাশি মাদরাসায় পৃথক লাইব্রেরি কক্ষের ব্যবস্থা করত: লাইব্রেরি কার্যক্রম যথাযথভাবে চালু করতে হবে;

৩. আগামী ১ (এক) বছরের মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের উপযোগী দৃষ্টিনন্দন প্রধান ফটক নির্মাণসহ মাদরাসার সাইনবোর্ড স্থাপন করতে হবে;

৪. মাদরাসার ছাত্র-শিক্ষক মিলনায়তন/অডিটোরিয়ামকে আরও সুসজ্জিত করত: কম্পিউটার ল্যাব স্থাপন, ডিজিটাল হাজিরা, শিক্ষার্থীদের জন্য ড্রেস কোড, আইডি কার্ড ও মাদরাসায় সিসি টিভি, আইপিএস-এর ব্যবহার শতভাগ নিশ্চিত করতে হবে এবং প্রতি তিনমাস পরপর অভিভাবক সমাবেশ করতে হবে;

৫. গভর্নিং বডি কর্তৃক একাডেমিক কমিটি, ক্রয় কমিটি, অভ্যন্তরীণ অডিট কমিটি, সাংস্কৃতিক কমিটি গঠন করতে হবে এবং ছুটির রেজিস্ট্রার খাতা রক্ষণাবেক্ষণসহ শিক্ষক ও কর্মচারীগণের ছুটির আবেদনপত্র ও ব্যক্তিগত ফাইল যথাযথভাবে সংরক্ষণ করার পাশাপাশি মাদরাসায় হোস্টেল ব্যবস্থা চালু করতে হবে;

৬. শ্রেণিকক্ষে ছেলে-মেয়েদের জন্য আলাদা পার্টিশনের (পর্দা) ব্যবস্থা করতে হবে এবং মেয়ে শিক্ষার্থীদের জন্য মানসম্মত আলাদা কমনরুম, ওয়াশরুম ও নামাজের স্থান আরও আধুনিকায়ন করতে হবে;

৭. শিক্ষার্থীদের আরবি ও ইংরেজি বিষয়ে দক্ষ করে তোলার জন্য ভাষা ক্লাব (আরবি ও ইংরেজি) চালু করতে হবে এবং শিক্ষার মনোন্নয়নের জন্য শিক্ষকদের বিভিন্ন বিষয়ের ওপর প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা করতে হবে;

৮. শিক্ষার্থীদেরকে আদব-আমল-আখলাক শেখানোর পাশাপাশি কো-কারিকুলার একটিভিটিজ তথা সাপ্তাহিক জলসা, কেরাত, হামদ-নাত, বক্তৃতা (বাংলা, আরবি, ইংরেজি), ক্যালিওগ্রাফি, সাহিত্য চর্চা, প্রবন্ধ, রচনা, কবিতা, নাটিকা, বার্ষিকী প্রকাশ, বিতর্ক, হিওয়ার, ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ইত্যাদি বিষয়ের ওপর বিশেষ গুরুত্ব দিতে হবে;

৯. সময় সময় দেয়ালিকা প্রকাশসহ মাদরাসার খালি জায়গায় এবং বাড়ির আঙিনায় বৃক্ষরোপনের জন্য শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করতে হবে মাদরাসার সকল অ্যালামনাইদের নাম, ঠিকানা, কর্মস্থল ও মোবাইল নম্বরসহ একটি পূর্ণাঙ্গ তালিকা প্রস্তুত করতে হবে;

১০. মাদরাসার সাইনবোর্ড ও প্যাডে "ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত" কথাটি লিখতে হবে এবং অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে;

ভাইস চ্যান্সেলরের অনুমোদনক্রমে

১৭/১০/২৬

(প্রফেসর ড. হুসাইন আহমাদ)
মাদরাসা পরিদর্শক (অ.দা)
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

অধ্যক্ষ, দক্ষিন জামিরালতা ফাজিল মাদরাসা
ডাকঘর: ভোলা, উপজেলা: সদর, জেলা: ভোলা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-০৮/২০১৫/১৫৯৪৬ তারিখ: ০১ কার্তিক ১৪৩৩ / ১৭ অক্টোবর ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

১. মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, গাইড হাউস (৭ম এবং ১০ম তলা), নিউ বেইলি রোড, রমনা, ঢাকা-১০০০।
২. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, বকশীবাজার, ঢাকা-১২১১।
৩. রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (অধিভুক্তি কমিটি ও একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
৪. ভাইস চ্যান্সেলর মহোদয়ের একান্ত সচিব (দায়িত্বপ্রাপ্ত), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় (ভাইস চ্যান্সেলর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫. আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. সভাপতি, দক্ষিন জামিরালতা ফাজিল মাদরাসা, ডাকঘর: ভোলা, উপজেলা: সদর, জেলা: ভোলা।
৭. অফিস নথি।

17.10.2026

(আরিফ আহমদ)
সহকারী মাদরাসা পরিদর্শক
মোবাইল: ০১৭১৯ ৯৫০৭৭৫